

📃 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭: ৪৮

💵 আরবি মূল আয়াত:

وَ نَادَى آصحٰ الآعرَافِ رِجَالًا يَعرِفُونَهُم بِسِيمُهُم قَالُوا مَا آغنى عَنكُم جَمعُكُم وَ مَا كُنتُم تَستَكبِرُونَ ﴿٢٨﴾

আর আ'রাফের অধিবাসীরা এমন লোকদেরকে ডাকবে, যাদেরকে তারা চিনবে তাদের চি□□হ্নর মাধ্যমে, তারা বলবে, 'তোমাদের দল এবং যে বড়াই তোমরা করতে তা তোমাদের উপকারে আসেনি'। — আল-বায়ান আ'রাফবাসীরা যাদেরকে চিহ্ন দেখে চিনতে পারবে তাদেরকে ডেকে বলবে, 'তোমাদের দলবল আর গর্ব-অহঙ্কার কোন কাজে আসল না।' — তাইসিরুল

আ'রাফবাসীদের কয়েকজন জাহান্নামী লোককে তাদের লক্ষণ দ্বারা চিনতে পেরে ডাক দিয়ে বলবেঃ তোমাদের দলবল ও পার্থিব জীবনের ধন-সম্পদ এবং তোমাদের গর্ব, অহংকার তোমাদের কোনই উপকারে এলোনা। — মুজিবুর রহমান

And the companions of the Elevations will call to men [within Hell] whom they recognize by their mark, saying, "Of no avail to you was your gathering and [the fact] that you were arrogant." — Sahih International

৪৮. আর আরাফবাসীরা এমন লোকদেরকে ডাকবে, যাদেরকে তারা তাদের চিহ্ন দ্বারা চিনবে, তারা বলবে, 'তোমাদের দল ও তোমাদের অহংকার কোন কাজে আসল না।

তাফসীরে জাকারিয়া

- (৪৮) আ'রাফবাসীগণ কিছু লোককে তাদের লক্ষণ দ্বারা চিনতে পেরে তাদেরকে আহবান করে বলবে, 'তোমাদের দল ও তোমাদের অহংকার কোন কাজে আসল না। [1]
 - [1] এরা হবে জাহান্নামী, যাদেরকে আরাফবাসীগণ তাদের নিদর্শনসমূহ দেখেই চিনে নেবে। তারা নিজেদের দলবল এবং অন্যান্য জিনিসের উপর যে অহংকার প্রদর্শন করত, সে ব্যাপারেই তাদেরকে স্মরণ করানো হবে যে, সে জিনিসগুলো আজ তোমাদের কোন উপকারে এল না।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1002

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন